রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জানুয়ারি ১, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
**www.cabinet.gov.bd**

তারিখ: ০৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/ ১৮ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৬.২৪.২২০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার '**সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটি**' নিম্নরূপে গঠন করেছে:

(ক) **কমিটির গঠন:**

| ক্রম: | নাম ও পদবি | দায়িত্ব |
|---|---|---|
| (১) | লে. জে. (অবঃ) মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী, উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) | জনাব আদিলুর রহমান খান, উপদেষ্টা, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৮) | সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| (৯) | চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | সদস্য |
| (১০) | চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) | সদস্য |


মূল্য : টাকা ৪·০০

| | | |
|---|---|---|
| (১১) | মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) | সদস্য |
| (১২) | নির্বাহী পরিচালক (বৈদেশিক মুদ্রানীতি), বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (১৩) | চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন (বিএফএ) | সদস্য |
| (১৪) | ছাত্র প্রতিনিধি (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১৫) | ছাত্র প্রতিনিধি (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **কমিটির কার্যপরিধি:**

(১) দেশের সকল প্রকার সারের চাহিদা, উৎপাদন, আমদানি ও মূল্য পরিস্থিতি পর্যালোচনা এবং এ সম্পর্কে সুপারিশ প্রণয়ন;

(২) সঠিক সময়ে কৃষকদের নিকট সার সরবরাহের নিশ্চয়তা বিধানকল্পে সার বিতরণ ব্যবস্থা পর্যবেক্ষণ, পর্যালোচনা, পরিবীক্ষণ ও এ বিষয়ে সুপারিশ/পরামর্শ প্রদান;

(৩) সারের ডিলার নিয়োগে বিদ্যমান পদ্ধতি পর্যালোচনা এবং এর যথার্থতা যাচাই করে সুপারিশ প্রদান; এবং

(৪) ইউরিয়া ও নন-ইউরিয়া সার সরবরাহ ও বিতরণ সম্পর্কিত প্রাসংগিক অন্য যে কোনো বিষয়ে পর্যালোচনা এবং এ সম্পর্কে সুপারিশ প্রণয়ন।

(গ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে;

(ঙ) কৃষি মন্ত্রণালয়ের সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(চ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৮ মে ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.২৪.৮০ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(জাহেদা পারভীন)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd